

REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA  
Date:18-09-2024  
Time: 07.35-07.40 AM Hrs  
BENGALI MORNING BULLETIN

---

PM :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২১ থেকে ২৩ সেপ্টেম্বর মার্কিন যুক্তরাষ্ট্র সফর করবেন । তিনি ওই সফরে ২১ সেপ্টেম্বর ওয়াশিংটনে চতুর্থ কোয়ার্টার লিডারস সামিটে অংশ নেবেন । ভারত ২০২৫ এ এই সামিটের আয়োজক হিসেবে সম্মতি জানিয়েছে । বিদেশ মন্ত্রক থেকে এই খবর জানানো হয়েছে। সামিটে এক বছরের অগ্রগতির পর্যালোচনা করা হবে ।

\*\*\*\*\*

Swachhta CM :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডঃ মানিক সাহা বলেছেন, স্বচ্ছতার পরিবেশ বজায় রাখতে হলে স্বচ্ছ মানসিকতা নিয়ে কাজ করতে হবে। পরিবেশকে সুন্দর ও স্বাভাবিক রাখার জন্য সাফাই অভিযানের পাশাপাশি বৃক্ষরোপণে সকলকে এগিয়ে আসতে হবে। গতকাল উদয়পুরে রাজ্যভিত্তিক 'স্বচ্ছতা হি সেবা অভিযান-২০২৪' এর উদ্বোধন করে তিনি একথা বলেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর জন্মদিন উপলক্ষে গোমতী জেলার উদয়পুর জগন্নাথ দীঘি প্রাঙ্গণে আয়োজিত এই অনুষ্ঠানের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী বলেন, সরকারের পাশাপাশি সাধারণ জনগণ সকলে নিজ নিজ এলাকা, বাড়িঘর, রাস্তাঘাট, স্কুল, কলেজ, বিভিন্ন ধর্মীয় স্থান, পর্যটন কেন্দ্র প্রভৃতি পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে পারলেই বিভিন্ন ধরনের রোগব্যাদি থেকে সহজে মুক্তি পাওয়া যাবে।

অনুষ্ঠানে অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় বলেন, নিজের এলাকাকে পরিষ্কার রাখার দায়িত্ব সকলের।

অনুষ্ঠানের শুরুতে মুখ্যমন্ত্রী জগন্নাথ দীঘির পূর্ব পাড়ে সাফাই অভিযানে অংশ নেন এবং 'এক পেড় মা কে নাম' ভাবনার অঙ্গ হিসেবে বৃক্ষরোপণ কর্মসূচিতে অংশগ্রহণ করেন।

এদিকে, মুখ্যসচিব জে.কে সিনহা গতকাল ভারতরত্ন অটল বিহারি বাজপেয়ী চড়িলাম দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে সিপাহীজলা জেলাভিত্তিক পাক্ষিক "স্বচ্ছতা-ই-সেবা" ২০২৪ কর্মসূচির উদ্বোধন করেন।

\*\*\*\*\*

#### **Nirmala Sitaraman:**

চলতি অর্থ বছরের কেন্দ্রীয় বাজেটে ঘোষণা অনুসারে কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন আজ নয়াদিল্লিতে এক ভিডিও কনফারেন্সের মাধ্যমে এন.পি.এস. বাৎসল্য প্রকল্পের সূচনা করবেন। নতুন দিল্লি থেকে এই কর্মসূচির সূচনা উপলক্ষে সারা দেশের প্রায় ৭৫ টি স্থানে একযোগে এনপিএস বাৎসল্য অনুষ্ঠানের আয়োজন করা হবে। এর অংশ হিসেবে, পশ্চিম ত্রিপুরা জেলার সেকেরকোট উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক বিশেষ কর্মসূচির আয়োজন করেছে। এনপিএস বাৎসল্যের উদ্বোধনী অনুষ্ঠানের সরাসরি সম্প্রচারও সেখানে প্রদর্শিত হবে। সেইসব স্থানে নতুন অপ্রাপ্তবয়স্ক গ্রাহকদের "প্রাণ" (PRAN) সদস্যপদও বন্টন করা হবে।

\*\*\*\*\*

#### **President-water week:**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, জলসম্পদ সীমিত, তাই সবার জন্য জলের সরবরাহ কেবল দক্ষ ব্যবহারের মাধ্যমেই সম্ভব। নতুন দিল্লির ভারত মণ্ডপমে গতকাল চতুর্থ ভারত জল সপ্তাহের উদ্বোধন করে রাষ্ট্রপতি একথা বলেন। তিনি বলেন, শুধুমাত্র জনশক্তির সাহায্যেই জলের শক্তি সঠিকভাবে সংগ্রহ ও ব্যবহার করা যায়। জলশক্তির সঠিক সঞ্চয় ও ব্যবহারের লক্ষ্যমাত্রা অর্জন করতে হলে সকল নাগরিককে জলযোদ্ধার ভূমিকা পালন করতে হবে।

\*\*\*\*\*

**PM, Odisha:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি গতকাল ওড়িশায় রেল ও জাতীয় মহাসড়ক প্রকল্পের পাশাপাশি ওড়িশা সরকারের অগ্রাধিকার ভিত্তিক মহিলা-কেন্দ্রিক উদ্যোগ, সুভদ্রা যোজনার সূচনা করেন।

প্রধানমন্ত্রী সামাজিক মাধ্যমে বলেছেন, সুভদ্রা যোজনা মহিলাদের ক্ষমতায়নকে বাড়িয়ে তুলবে এবং আমাদের নারীশক্তির আর্থিক স্বাধীনতা নিশ্চিত করবে। এই যোজনায় ২১ থেকে ৬০ বছর বয়সী সকল যোগ্য মহিলারা পাঁচ বছরের মধ্যে ৫০হাজার টাকা পাবেন। এর আগে, শ্রী মোদি ভুবনেশ্বরের গাদাকানায় একটি বস্তি এলাকা পরিদর্শন করেন এবং শহুরে প্রধানমন্ত্রী আবাস যোজনার ২০ জন সুবিধাভোগীর সঙ্গে মতবিনিময় করেন।

\*\*\*\*\*

**AAP, CM:**

আম আদমি পার্টি গতকাল ঘোষণা করেছে যে দলের বরিষ্ঠ নেতা অতীশী দিল্লির নতুন মুখ্যমন্ত্রী হবেন। নতুনদিল্লিতে দলের বিধায়কদের বৈঠকে তিনি নেতা নির্বাচিত হন। সাংবাদিকদের সঙ্গে এক বৈঠকে নগর মন্ত্রী গোপাল রাই জানান, সর্বসম্মতিক্রমে

সিদ্ধান্ত হয়েছে, আগামী বিধানসভা নির্বাচন পর্যন্ত অতীশি মুখ্যমন্ত্রী থাকবেন।

\*\*\*\*\*

#### 100 days of Modi Govt:

কেন্দ্রীয় অতিক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ মন্ত্রী জিতন রাম মাঝি বলেছেন, মোদী সরকারের তৃতীয় মেয়াদের প্রথম একশ দিনে প্রধানমন্ত্রী কর্মসংস্থান সৃষ্টি কর্মসূচি বা পি.এম.ই.জি.পি.-তে প্রায় তিন হাজার ১৪৮ কোটি টাকা খণ দেওয়া হয়েছে। নতুনদিল্লিতে একটি সাংবাদিক সম্মেলনে তিনি একথা বলেন। তিনি বলেন, PMSGP-র অধীনে ২৬ হাজারেরও বেশি মাইক্রো এন্টারপ্রাইজ প্রতিষ্ঠিত হওয়ায় প্রায় দুই লক্ষ ১০ হাজার কর্মসংস্থানের সুযোগ তৈরি হয়েছে। শ্রী মাঝি আরও বলেন, MSME ক্ষেত্র দেশের অর্থনীতির মেরুদণ্ড এবং দেশের জিডিপিতে এই ক্ষেত্রের ৩০ শতাংশের বেশি অবদান রয়েছে।

\*\*\*\*\*

#### BSF :

গতকাল রাতে তিন বাংলাদেশি নাগরিককে আটক করেছে বি.এস.এফ.। BSF এর ত্রিপুরা ফ্রন্টিয়ারের জনসংযোগ আধিকারিক জানিয়েছেন, বেআইনি অনুপ্রবেশের অভিযোগে, সিপাহিজলা জেলার হরিহরদোলা সীমান্ত থেকে তিনজন বাংলাদেশিকে আটক করা হয়েছে।

\*\*\*\*\*

#### KHELA :

একদিনের বিরতির পর চন্দ্র স্মৃতি প্রথম ডিভিশন ফুটবল প্রতিযোগিতার আজ দু'টি খেলা হবে । বিকাল সাড়ে তিনটে নাইন বুলেটস ক্লাব বনাম জুয়েলস এসোসিয়েশন এবং সন্ধ্যা সোয়া ছ'টায় ফরোয়ার্ড বনাম টাউন ক্লাব পরস্পরের মুখোমুখি হবে ।

\*\*\*\*\*

**Weather :**

আজ আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দু'এক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ দিনের তাপমাত্রা সর্বোচ্চ ৩৫ ডিগ্রি এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬.৬ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*

\*\*\*\*\*

